ই-অগ্রণী দর্পণ

৬ষ্ঠ বর্ষ । ১ম সংখ্যা । জানুয়ারী-মার্চ ২০২৪

অগ্রণী ব্যাংক পিএলসি.

Agrani Bank PLC.

Committed to serve the nation

www.agranibank.org

পরিচালনা পর্ষদ

চেয়ারম্যান

ড. জায়েদ বখ্‌ত

পরিচালক

বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন, এনডিসি

মফিজ উদ্দীন আহমেদ

কাশেম হুমায়ূন

কেএমএন মঞ্জুরুল হক লাবলু

খোন্দকার ফজলে রশিদ

মো.শাহাদাৎ হোসেন, এফসিএ

মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী

ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

মো. মুরশেদুল কবীর

প্রধান উপদেষ্টা

মো. মুরশেদুল কবীর
ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

উপদেষ্টা

উপব্যবস্থাপনা পরিচালক
ওয়াহিদা বেগম শ্যামল কৃষ্ণ সাহা

সার্বিক তত্ত্বাবধানে

মহাব্যবস্থাপকগণ

এনামুল মাওলা
একেএম শামীম রেজা
শামিম উদ্দিন আহমেদ
হোসাইন ঈমান আকন্দ
মো. শামছুল আলম
বাহারে আলম
একেএম ফজলুল হক
মো. আমিনুল হক
মো.আবুল বাশার
মো. নুরুল হুদা
মোহাম্মদ ফজলুল করিম
আবু হাসান তালুকদার
মো. আতিকুর রহমান সিদ্দিকী
মো. আফজাল হোসেন
স্বপন কুমার ধর
সুধীর রঞ্জন বিশ্বাস
শাহীনূর সুলতানা
মো. হুমায়ুন কবির
মো: সামিউল হুদা
মোহাম্মদ দীদারুল ইসলাম
মো. শাহিনুর রহমান

সম্পাদকীয় পরামর্শক

রুবানা পারভীন
মহাব্যবস্থাপক
পাবলিক রিলেশনস ডিভিশন

সম্পাদক

শাহনাজ চৌধুরী
উপমহাব্যবস্থাপক
পাবলিক রিলেশনস ডিভিশন

সহকারী সম্পাদক

মোহাম্মদ শাকির হোসেন খান
প্রিন্সিপাল অফিসার

মো. মাহমুদুল হক
প্রিন্সিপাল অফিসার

গ্রাফিক্স ডিজাইনার

ফারহানা সুলতানা
সিনিয়র অফিসার

প্রকাশনায়: স্পেশাল স্টাডি সেল (পাবলিক রিলেশনস ডিভিশন) অগ্রণী ব্যাংক পিএলসি
আলামিন সেন্টার (ফ্লোর ১৩) ২৫/এ দিলকুশা, ঢাকা ১০০০
ফোন ৮৮০২-৯৫১৫২৮৫ ইমেইল ssc@agranibank.org
www.eagranidarpon.org

সূচিপত্র

অগ্রণী পরিক্রমা

০৪
মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস শ্রদ্ধা নিবেদন
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন
আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন

০৫
বঙ্গবন্ধুর জন্মদিন উদ্‌যাপন
বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে দোয়া ও মাহফিল
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

ট্রেনিং

০৬
রিস্ক বেজড ইন্টারনাল অডিট প্রশিক্ষণ কর্মশালা
ট্রেনিং ইনস্টিটিউটে ফিক্সড ইনকাম সিকিউরিটিজ বিষয়ক প্রশিক্ষণ

০৭
ব্যাংকিং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন
অপারেশন অব ইসলামিক ব্যাংকিং বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা
স্যুট ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা
ইন্টারন্যাশনাল ট্রেড পেমেন্ট এন্ড ফাইন্যান্সিং বিষয়ক কর্মশালা

০৮
ব্যাংকিং বুনিয়াদি কোর্সের প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ
বোর্ড মেমো প্রস্তুতকরণ বিষয়ক কর্মশালা

সভা

০৯
ব্যবসায়িক লক্ষ্যমাত্রা-২০২৪ অর্জনে মতবিনিময় সভা

শাখা উদ্বোধন

নরসিংদীর রায়পুরা বাজার শাখা উদ্বোধন
হবিগঞ্জের হরষপুর বাজার শাখা উদ্বোধন

১০
রংপুরের পীরগঞ্জ শাখা উদ্বোধন

পুরস্কার

সেরা করদাতার বিশেষ সম্মাননা
রেমিট্যান্স অ্যাওয়ার্ড অর্জন

খেলাধুলা

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪

শোক সংবাদ

১১
শোক সংবাদ

শিল্প সাহিত্য

১২
অগ্রণী ব্যাংকের জন্মযাত্রা: মো. মাহমুদুল হক

১৩
কবিতা
ছন্দহীন ছন্দের কাব্য: ফারিয়া আলম

ফটো গ্যালারী

১৪
বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪
এর কিছু ছবি

সম্পাদকীয়

অভিনন্দন সকল অগ্রণীয়ানকে! নতুন বছরের (২০২৪) প্রথম ত্রৈমাস শেষ হল, অগ্রণী পরিবারের দেয়ালে নতুন ক্যালেন্ডারের আগমনের মাধ্যমে সফলভাবে শেষ হল ২০২৩ ডিসেম্বর সমাপনী। জাতীয় ও আন্তর্জাতিক নানামুখী চ্যালেঞ্জের মধ্যে দিয়ে পার হচ্ছে সামগ্রিক অর্থনীতি, এর মধ্যেও অগ্রণী ব্যাংকের সুদক্ষ পরিচালনা পর্ষদের নির্দেশনায় এবং ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. মুরশেদুল কবীর মহোদয়ের নেতৃত্বে এবার ব্যাংকের ইতিহাসে রেকর্ড পরিমান পরিচালন মুনাফা অর্জিত হয়েছে।

সারা বছরজুড়ে অপেক্ষা থাকে যেই আয়োজনের, সবাই মেতে ওঠে হাসি-আনন্দ- খেলায়, অবিরাম কর্মব্যস্ততার ক্লান্তি মুছে সবাই জেগে ওঠে নবউদ্যমে, সেই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ সাড়ম্বরে পালিত হল এই ফেব্রুয়ারিতে। এই সময়ের মধ্যে অগ্রণীর ব্যাংকিং নেটওয়ার্কে যুক্ত হয়েছে আরও নতুন তিন শাখা। এছাড়াও অর্জনের মুকুটে যুক্ত হয়েছে সিলভার রেমিট্যান্স অ্যাওয়ার্ড, সেরা করদাতার বিশেষ সম্মাননা।

এই সময়ে আমরা যাদেরকে হারিয়েছি আমাদের মাঝ থেকে, তদের জন্য পরম করুণাময়ের কাছে রইলো অশেষ প্রার্থনা। ২০২৪ সালে সমৃদ্ধির নতুন দিক উন্মোচিত হোক, সবাইকে শুভেচ্ছা।

অগ্রণী পরিক্রমা

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শ্রদ্ধা নিবেদন

যথাযোগ্য মর্যাদায় অগ্রণী ব্যাংক পিএলসি. কর্তৃক মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। দিবসটি পালনের কর্মসূচীর অংশ হিসেবে বুধবার (২১ ফেব্রুয়ারি) সকালে অগ্রণী ব্যাংক পিএলসি.'র পরিচালনা পর্ষদের পরিচালক কে, এম, এন, মঞ্জুরুল হক লাবলু, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর এর নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপকবৃন্দ, অগ্রণী ব্যাংক কর্মচারী সংসদ (সিবিএ) ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে অগ্রণী ব্যাংক ভবনের সামনে শহিদ জাফর চত্বরে স্থাপিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়াও মঙ্গলবার বাদ যোহর প্রধান কার্যালয়ের নামাজ ঘরে ভাষা শহিদদের স্মরণে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে অগ্রণী ব্যাংক পিএলসি. পক্ষ থেকে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণস্তবক অর্পন

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা জানিয়েছে অগ্রণী ব্যাংক পিএলসি.।

বৃহস্পতিবার (৭ মার্চ) সকালে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর ও উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম। এসময় ব্যাংকের উর্ধ্বতন নির্বাহী ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, উপব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্যরা

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

অগ্রণী ব্যাংক পিএলসি'র উদ্যোগে 'আন্তর্জাতিক নারী দিবস ২০২৪' উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে ১০ মার্চ প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে কেক কেটে নারী দিবস উদযাপন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপক এ কে এম শামীম রেজা, হোসাইন ঈমান আকন্দ, শামিম উদ্দিন আহমেদ, এ কে এম ফজলুল হক, মো. আবুল বাশার, রুবানা পারভীন, মোহাম্মদ ফজলুল করিম, মো. আতিকুর রহমান সিদ্দিকী ও শাহীনূর সলতানাসহ, বিভিন্ন ডিভিশনের নারী নির্বাহী ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অগ্রণী ব্যাংকের নারী নির্বাহীগণ বিভিন্ন ডিভিশন ও গুরুত্বপূর্ণ শাখার শাখা প্রধান হিসেবে সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করছেন বলে অনুষ্ঠানে জানানো হয়।

'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর কেক কাটছেন

বঙ্গবন্ধুর জন্মদিন উদ্‌যাপন

ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, পরিচালকবৃন্দ এবং অন্যান্যরা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করেছে অগ্রণী ব্যাংক পিএলসি। ১৭ মার্চ ২০২৪ সকালে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক মফিজ উদ্দীন আহমেদ, কে এম এন মঞ্জুরুল হক লাবলু, মো. শাহাদাত হোসেন এফসিএ ও ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপকগণ, ঊর্ধ্বতন নির্বাহীগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে প্রধান কার্যালয়ের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুস্পস্তবক অর্পণ, ব্যাংক ভবন আলোকসজ্জা করণ, জাতীয় পত্রিকায় রঙিন বিজ্ঞাপন, সকল সার্কেল, অঞ্চল এবং শাখা পর্যায়েও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হয়।

বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে দোয়া মাহফিল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে অগ্রণী ব্যাংক পিএলসি. তে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। ১৮ মার্চ ২০২৪ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় নামাজ ঘরে বাদ যোহরে অনুষ্ঠিত এ দোয়া ও মিলাদ মাহফিলে অংশ নেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় মহাব্যবস্থাপকগণ, ঊর্ধ্বতন নির্বাহীগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। মিলাদ মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তার পরিবারের নিহত সদস্যদের রুহের মাগফেরাত এবং দেশ ও জাতির কল্যাণ, অগ্রগতি কামনা করা হয়।

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকতে অনুষ্ঠিত দোয়া ও মিলাদ মাহফিলের একাংশ

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

বাঙালির গৌরবের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন করেছে অগ্রণী ব্যাংক পিএলসি.। দিবসের কর্মসূচির অংশ হিসেবে ২৬ মার্চ সকালে অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত ও ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করে জাতির শ্রেষ্ঠ সন্তানদের শ্রদ্ধাভরে স্মরণ করে অগ্রণী ব্যাংক। কর্মসূচিগুলোতে অগ্রণী ব্যাংকের পরিচালক কে এম এন মঞ্জুরুল হক লাবলু, মো. শাহাদাত হোসেন এফসিএ, উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপকগণ, ঊর্ধ্বতন নির্বাহীগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এছাড়াও অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও শহীদ জাফর চত্তরে পুস্পস্তবক অর্পণ, ধানমন্ডি শাখায় 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসটি উপলক্ষে ব্যাংক ভবন আলোক সজ্জাকরণ, জাতীয় পত্রিকায় রঙিন

অগ্রণী ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন

বিজ্ঞাপন প্রকাশ ও সকল সার্কেল, অঞ্চল এবং শাখা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়।

ট্রেনিং

রিস্ক বেজড ইন্টারনাল অডিট বিষয়ক কর্মশালা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত রিস্ক বেজড ইন্টারনাল অডিট শীর্ষক ৩ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। ৯ জানুয়ারি ২০২৪ সকালে এ কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (ক্যামেলকো) একেএম শামীম রেজা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম। কর্মশালায় অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিট ডিভিশনের কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন।

প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সহ অন্যান্য অতিথিবৃন্দ

ট্রেনিং ইনস্টিটিউটে ফিক্সড ইনকাম সিকিউরিটিজ বিষয়ক প্রশিক্ষণ

প্রাইমারী ডিলার্স বাংলাদেশ লিমিটেড (পিডিবিএল) এর আয়োজনে অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে (এবিটিআই) ফিক্সড ইনকাম সিকিউরিটিজ বিষয়ক দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ২০ জানুয়ারি ২০২৪ সকালে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রাইমারী ডিলার্স বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান ও সোনালী ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মো. আফজাল করিম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাইমারী ডিলার্স বাংলাদেশ লিমিটেডের পরিচালক ও অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। প্রাইমারী ডিলার্স বাংলাদেশ লিমিটেডের সিইও বিশ্বনাথ পাল, এফসিএমএ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক, বাংলাদেশ ব্যাংকের পরিচালক মাসুমা সুলতানা,

ফিক্সড ইনকাম সিকিউরিটিজ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার অতিথিবৃন্দের একাংশ

অতিরিক্ত পরিচালক মোহাম্মদ আনোয়ার হোসেন প্রমুখ। দিনব্যাপী এ প্রশিক্ষণে ৩১ টি ব্যাংকের ৫৬ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

ব্যাংকিং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

ব্যাংকিং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের পরিচালনা পর্ষদ ও চেয়ারম্যানসহ অন্যান্য অতিথিবৃন্দ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ৮০তম ও ৮১ তম ব্যাচের ৩০ দিনব্যাপী ব্যাংকিং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। ২৮ জানুয়ারি ২০২৪ এ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখত। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিমের সভাপতিত্বে সম্মানিত অতিথি ছিলেন মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার ৭৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। এসময় বক্তারা প্রশিক্ষণার্থীদের সততা, নিষ্ঠা ও নৈতিকতার সাথে ব্যাংকিং পেশায় নিজেদেরকে গড়ে তোলার পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন।

অপারেশন অব ইসলামিক ব্যাংকিং বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

প্রশিক্ষণ কর্মশালার একাংশ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত অপারেশন অব ইসলামিক ব্যাংকিং শীর্ষক ৩ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। ২১ জানুয়ারি ২০২৪ সকালে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম। কর্মশালায় অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিট এন্ড ইন্সপেকশন ডিভিশন, আঞ্চলিক কার্যালয় ও ইসলামী ব্যাংকিং উইন্ডো সংশ্লিষ্ট কর্পোরেট শাখার ৫৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

স্যুট ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা

প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সহ অন্যান্যরা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত স্যুট ম্যানেজমেন্ট (Suit Management) শীর্ষক দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২২ ফেব্রুয়ারি ২০২৪ সকালে এ কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিমের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখার মহাব্যবস্থাপক মো. আতিকুর রহমান সিদ্দিকী, ল' ডিভিশনের উপমহাব্যবস্থাপক সাফিয়া আক্তার প্রমুখ। কর্মশালায় অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়ের ল' ডিভিশন, সার্কেল, অঞ্চল ও বিভিন্ন শাখার ৫৭ জন আইন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইন্টারন্যাশনাল ট্রেড পেমেন্ট এন্ড ফাইন্যান্সিং বিষয়ক কর্মশালা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ইন্টারন্যাশনাল ট্রেড পেমেন্ট এন্ড ফাইন্যান্সিং বিষয়ক ১০ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। ২৫ ফেব্রুয়ারি ২০২৪ সকালে এ কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। কর্মশালায় উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (প্রশাসন) মো. আমিনুল হক,

প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সহ অন্যান্যরা

মহাব্যবস্থাপক (আইডি) শাহীনূর সুলতানা, মহাব্যবস্থাপক (বরিশাল সার্কেল) মো. সামিউল হুদা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবিটিআই -এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম। কর্মশালায় অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার ৩৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

ব্যাংকিং বুনিয়াদি কোর্সের প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ৮০ তম ও ৮১ তম ব্যাচের ৩০ দিনব্যাপী ব্যাংকিং বুনিয়াদি কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়। ১১ মার্চ ২০২৪ এবিটিআইয়ে অনুষ্ঠিত এ সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক। এতে সভাপতিত্ব করেন এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম।

ব্যাংকিং বুনিয়াদি কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ

বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার ৭৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এসময় বক্তারা প্রশিক্ষণার্থীদের সততা, নিষ্ঠা ও নৈতিকতার সাথে ব্যাংকিং পেশায় নিজেদেরকে গড়ে তোলার পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন।

বোর্ড মেমো প্রস্তুতকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত বোর্ড মেমো, এনপিএল মেমো এবং ক্রেডিট কমিটি মেমো প্রস্তুতকরণ বিষয়ক এক দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৩০ মার্চ ২০২৪ সকালে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। কর্মশালায় অন্যান্যের মধ্যে সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক মো. শাহাদাত হোসেন, এফসিএ, অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক প্রমুখ। এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিমের সভাপতিত্বে উক্ত কর্মশালায় ব্যাংকের প্রধান কার্যালয়, সার্কেল ও বিভিন্ন কর্পোরেট শাখার ৭০জন নির্বাহী, কর্মকর্তা অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সহ অন্যান্যরা

সভা

ব্যবসায়িক লক্ষ্যমাত্রা-২০২৪ অর্জনে মতবিনিময় সভা

ব্যবসায়িক খাতের লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় শীর্ষক বিনিময় সভার একাংশ

সম্প্রতি অগ্রণী ব্যাংক পিএলসি.'র সিরাজগঞ্জ অঞ্চলের ২১টি শাখার ব্যবস্থাপকদের সঙ্গে ২০২৪ সালের বিভিন্ন ব্যবসায়িক খাতের লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় শীর্ষক এক মতবিনিময় সভা এনডিপি প্রধান কার্যালয়ের কনফারেন্স হল, বাগবাড়ি, সিরাজগঞ্জে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক পিএলসি এর পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক মো. শাহাদাত হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক পিএলসি.'র ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও জনাব মো. মুরশেদুল কবীর, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক পিএলসি এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, অগ্রণী ব্যাংক পিএলসি. প্রধান শাখা, ঢাকার মহাব্যবস্থাপক জনাব এ, কে, এম ফজলুল হক এবং অগ্রণী ব্যাংক পিএলসি রাজশাহী সার্কেলের মহাব্যবস্থাপক মুঃ অফজাল হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অগ্রণী ব্যাংক পিএলসি. সিরাজগঞ্জ অঞ্চলের সহকারী মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান জনাব মো. সাজেদুল হক। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ এর এসপিও জনাব মো. আব্দুস সামাদ। উক্ত মতবিনিময় সভায় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও জনাব মো. মুরশেদুল কবীর বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় এবং জাতীয় উন্নয়নে অগ্রণী ব্যাংকের অবস্থান তুলে ধরেন।

শাখা উদ্বোধন

নরসিংদীতে রায়পুরা বাজার শাখা উদ্বোধন

নরসিংদীতে রায়পুরা বাজার শাখা উদ্বোধন করছেন সংসদ সদস্য রাজিউদ্দিন আহমেদ রাজু কালে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইওসহ অন্যান্যরা

ব্যাংকিং সেবা আরও সম্প্রসারিত করার লক্ষ্যে নরসিংদীর রায়পুরা উপজেলায় অগ্রণী ব্যাংক পিএলসি. এর রায়পুরা বাজার শাখা নামে ব্যাংকের ৯৭৫তম নতুন একটি শাখা উদ্বোধন করা হয়েছে। ২৭ জানুয়ারি ২০২৪ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এই শাখাটি উদ্বোধন করেন নরসিংদী-৫ আসনের সংসদ সদস্য রাজিউদ্দিন আহমেদ রাজু। অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। । এসময় বক্তব্য রাখেন অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, রায়পুরা পৌরসভার মেয়র মো. জামাল মোল্লা প্রমুখ। অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক মো. শামছুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সম্মানিত গ্রাহকগণ ও ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে রায়পুরা বাজারে নতুন শাখা স্থাপন করায় অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

হবিগঞ্জে হরষপুর বাজার শাখা উদ্বোধন

ব্যাংকিং সেবা আরও সম্প্রসারিত করার লক্ষ্যে হবিগঞ্জের মাধবপুর উপজেলায় অগ্রণী ব্যাংক পিএলসি. এর হরষপুর বাজার শাখা নামে ব্যাংকের ৯৭৬তম নতুন একটি শাখা উদ্বোধন করা হয়েছে। ৯ মার্চ ২০২৪ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এই শাখাটি উদ্বোধন করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় বক্তব্য রাখেন অগ্রণী ব্যাংকের সিলেট সার্কেলের মহাব্যবস্থাপক রুবানা পারভীন ও বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক মোহাম্মদ শফিকুল ইসলাম প্রমুখ। অগ্রণী ব্যাংকের

হবিগঞ্জের হরষপুর বাজার শাখা উদ্বোধন করছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর

মৌলভীবাজারের অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক বিশ্বজিৎ দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সম্মানিত গ্রাহকগণ, ব্যবসায়ী ও ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

রংপুরে পীরগঞ্জ শাখা উদ্বোধন

রংপুরে 'পীরগঞ্জ শাখা' উদ্বোধনকালে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইওসহ অন্যান্যরা

ব্যাংকিং সেবাকে আরও সম্প্রসারিত করার লক্ষ্যে গতকাল ২৩ মার্চ ২০২৪ রংপুরের পীরগঞ্জ উপজেলায় অগ্রণী ব্যাংক পিএলসি. 'পীরগঞ্জ শাখা' নামে ব্যাংকের ৯৭৭তম শাখার শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এই শাখাটি উদ্বোধন করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় বক্তব্য রাখেন অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মহাব্যবস্থাপক (ক্রেডিট) মো. শামছুল আলম, পীরগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব নুর মোহাম্মদ মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার মো. ইকবাল হাসান প্রমুখ। অগ্রণী ব্যাংকের রংপুর সার্কেলের মহাব্যবস্থাপক স্বপন কুমার ধরেরসভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সম্মানিত গ্রাহকগণ, ব্যবসায়ীবৃন্দ ও ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পুরস্কার

সেরা করদাতার বিশেষ সম্মাননা

২০২২-২০২৩ অর্থ বছরে সরকারি ব্যাংকগুলোর মধ্যে একমাত্র অগ্রণী ব্যাংক পিএলসি. পেল ব্যাংক খাতে অন্যতম শীর্ষ করতাদার বিশেষ সম্মাননা। ২৪ জানুয়ারি ২০২৪ জাতীয় রাজস্ব বোর্ড

সম্মাননা ক্রেস্ট ও সম্মাননাপত্র গ্রহণ করছেন মহাব্যবস্থাপক (সিএফও) মোহাম্মদ দীদারুল ইসলাম, এফসিএ

(এনবিআর) আয়োজিত শীর্ষ কর প্রদানকারী করদাতা হিসেবে 'বিশেষ সন্মাননা ও সন্মাননাপত্র প্রদান' অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) সৈয়দ মোহাম্মদ আবু দাউদের হাত থেকে অগ্রণী ব্যাংকের পক্ষে সম্মাননা ক্রেস্ট ও সম্মাননাপত্র গ্রহণ করেন অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (সিএফও) মোহাম্মদ দীদারুল ইসলাম, এফসিএ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বৃহৎ করদাতা ইউনিট, ঢাকার কর কমিশনার মো. ইকবাল বাহার।

রেমিট্যান্স অ্যাওয়ার্ড অর্জন

সিলভার অ্যাওয়ার্ড গ্রহণ করছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর

২০২৩ সালে সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহের জন্য সমগ্র ব্যাংকিং খাতে দ্বিতীয় স্থান অর্জন করে সিলভার অ্যাওয়ার্ড লাভ করেছে অগ্রণী ব্যাংক পিএলসি.। সেন্টার ফর এনআরবি'র উদ্যোগে ১০ মার্চ ২০২৪ প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে অনুষ্ঠিত 'ব্রান্ডিং বাংলাদেশ' শীর্ষক ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজ ২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের হাতে এই অ্যাওয়ার্ড তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান। এনআরবি সেন্টারের চেয়ারপার্সন এম এস সেকিল চৌধুরীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী এমপি এবং পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি ও সাবেক পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এম.পি প্রমুখ।

খেলাধুলা

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪

রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংক পিএলসি'র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ ঢাকার সরকারি শারীরিক শিক্ষা কলেজ মাঠে অনুষ্ঠিত হয়েছে। ২৪ ফেব্রুয়ারি সকালে প্রধান অতিথি হিসেবে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখত। এসময় অগ্রণী ব্যাংকের পরিচালক কে এম এন মঞ্জুরুল হক লাবলু,

বেলুন উড়িয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও এবং অন্যান্যরা

মো. শাহদাত হোসেন এফসিএ ও মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, অগ্রণী ব্যাংক পিএলসি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ পরিচালনা কমিটির আহ্বায়ক ও উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগমসহ, মহাব্যবস্থাপকবৃন্দ, উর্ধ্বতন নির্বাহীগণ, কর্মকর্তা, কর্মচারী ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মূল প্রতিযোগিতায় অগ্রণী ব্যাংকের সকল স্তরের নির্বাহী, কর্মকর্তা, কর্মচারীগণ মার্চপাস্ট, লং জাম্প, দৌড়, হাই জাম্প, রিলে দৌড়, সাইকেল রেস, পিলো পাসিং, হাঁড়ি ভাঙ্গা, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ, মিউজিক্যাল চেয়ার, বস্তা দৌড়সহ বিভিন্ন ধরনের খেলায় অংশগ্রহণ করেন। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (প্রশাসন) মো. আমিনুল হকের তত্ত্বাবধানে দুই দিনব্যাপী বার্ষিক প্রতিযোগিতা শেষে বিকালে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ড. জায়েদ বখ্‌ত বলেন, শরীর এবং মনের সুস্থতার জন্য কায়িক শ্রমের বিকল্প নেই। যার একটা বড় মাধ্যম খেলাধুলা। খেলাধুলা বা ক্রীড়ানুশীলনের মাধ্যমে কায়িক শ্রমের পাশাপাশি মন ও মননের সৃজনশীল শক্তি বৃদ্ধি পায়। খেলাধুলা আয়োজনের মাধ্যমে পারস্পরিক ভ্রাতৃত্ববোধ জাগ্রত হয়। জয় পরাজয়ের হিসাবটা এখানে বড় নয়। অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর বলেন, খেলাধুলা বা ক্রীড়ানুশালনের মাধ্যমে মানুষ খুঁজে পায় জীবন বিকাশের বিশালতা, পায় জীবন সংগ্রামের দুর্জয় মনোভাব।

আমরা সর্বদা ডেবিট-ক্রেডিট কাজের মধ্যে থাকি। তাই শরীর ও মনকে চাঙ্গা রাখতে এই ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন। সৌহার্দ্যপূর্ণ ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে গড়ে ওঠা দুর্বার মানসিকতা নিয়ে প্রত্যেক অগ্রণীয়ান কর্মমুখর হয়ে অগ্রণীর উজ্জীবিত অগ্রযাত্রা অব্যাহত রাখবে। এর মাধ্যমে দেশ ও জাতির সেবায় নিবেদিত অগ্রণী ব্যাংকের সর্ব স্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীরা সততা, দক্ষতায় সজ্জিত হয়ে নিজ নিজ কাজের ক্ষেত্রে আলোকোজ্জ্বল ভূমিকা রাখবে বলে আমি আশা করি।

শোকসংবাদ

অগ্রণী ব্যাংক পিএলসি.,বি.এ.এফ শাখা, ঢাকায় কর্মরত সিনিয়র অফিসার, জনাব মোহম্মেদ মেহেরুল ইসলাম পারভেজ, পিতা- মৃত. মোহম্মেদ নুরুল ইসলাম, ম্যাসিভ হার্ট এ্যাটাক জনিত কারণে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ০২-০১-২০২৩ তারিখ আনুমানিক দুপুর ০২:০০ ঘটিকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৫৬ বছর ১০ মাস ১ দিন। তিনি স্ত্রী, এক কন্যা ও দুই পুত্রসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।।

তিনি অগ্রণী ব্যাংক পিএলসি. এ ১৯৮৮ সালে সিএলডিও (CLDA) হিসেবে যোগদান করেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত নিজ দায়িত্বের প্রতি অবিচল থেকে ব্যাংকিং সেবা দিয়ে গেছেন।

অগ্রণী ব্যাংক পিএলসি., এইচআর প্লানিং, ডিপ্লয়মেন্ট এন্ড অপারেশনস্ ডিভিশন (পিডি), প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মো. হারুন অর রশিদ তালুকদার, পিতা- মৃত আলহাজ জনাব আলী তালুকদার নিজ কর্মস্থলে ব্রেইন স্টোক করে ১৮-০৩-২০২৪ তারিখ আনুমানিক দুপুর ১২.৩০ ঘটিকায় হাসপাতালে নেওয়ার পথে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৫৮ বছর ০৯ মাস। তিনি স্ত্রী, দুই কন্যাসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তিনি অগ্রণী ব্যাংক পিএলসি.তে ১৯৮৮ সালে টিএলডিএ (TLDA) হিসেবে যোগদান করেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত নিজ দায়িত্বের প্রতি অবিচল থেকে ব্যাংকিং সেবা দিয়ে গেছেন। এমন দুইজন মেধাবী, সৎ, দক্ষ ও পরিশ্রমী কর্মকর্তাকে হারিয়ে অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, এবং সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারী গভীর শোক প্রকাশ করেছেন।

অগ্রণী ব্যাংকের জন্মযাত্রা

মো. মাহমুদুল হক

হাবিব ও কমার্স থেকে অগ্রণী–ঐতিহ্য ও আধুনিকতার পালাবদল: হাবিব ও কমার্স ব্যাংকের উত্তম উত্তরসূরি হিসেবে অগ্রণীর রয়েছে সুদীর্ঘ ক্রমবিকাশ ও পালাবদলের বর্ণাঢ্য ইতিহাস। এই ব্যাংকটিতে আছে ঐতিহ্য ও আধুনিকতার মিশেল। মেধাবী অফিসার নিয়োগ এবং যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমগ্র পাকিস্তানের মধ্যেই দক্ষ ও সেরা ব্যাংকার তৈরীর ক্ষেত্রে হাবিব ব্যাংকের বিশেষ সুনাম ছিল।

হাবিবিয়ান এ. কিউ. সিদ্দিকী একটি সাক্ষাৎকারে বলেন,– 'হাবিবেরা ব্যাংকে দক্ষ লোক তৈরি করত। কীভাবে ভাল ব্যাংকার তৈরি করা যায় এটা তারা জানত।' তৎকালীন পূর্ব পাকিস্তানে এবং স্বাধীনতা-উত্তর বাংলাদেশে দক্ষ ব্যাংকার তৈরির সূতিকাগার ছিল হাবিব ব্যাংক। হাবিব ব্যাংকে যোগদানকৃত অফিসারগণ পরবর্তী জীবনে অত্যন্ত সফল ব্যাংকার হিসেবে কর্মজীবন সমাপ্ত করেন এবং বাংলাদেশের

Habib Bank Limited

Habib Bank Limited

Central Office.

Dear Sir,

Yours faithfully,

১৯৬৫ সালে প্রবেশনারি অফিসার পদে হাবিবিয়ান এ. এস. আশরাফউদ্দিন এর নিয়োগপত্র এবং সাথে সংযুক্ত বিভিন্ন নথির তালিকা

ব্যাংকিং জগত পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। হাবিব ব্যাংকে প্রবেশনারি পদে যোগ দেন। এম. এ. বুখারি, জেনারেল ম্যানেজার স্বাক্ষরিত ১৯৬৫ সালের ১২ জুন ইস্যুকৃত তার নিয়োগপত্রে বলা হয়–'আপনার ১৯৬৫ সালের ১২ মে তারিখে আবেদনের প্রেক্ষিতে আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি, আপনাকে RS. ৩০০-২০-৪০০-EB-২০-৫০০-EB-২৫-৬০০-EB-৪০-৭৫০-EB-৫০-১০০০-EB-৫০-১২৫০-EB-৫০-১৫০০ গ্রেডে মাসিক সর্বমোট ৩০০ রুপি বেতনে প্রবেশনারি অফিসার পদে নিয়োগদান করা হচ্ছে। আপনাকে আপনার মূল বেতনের ১৫% (ন্যূনতম ৫০ রুপি) বাড়ি ভাড়া হিসেবে প্রদান করা হবে, অথবা ব্যাংকের নিজস্ব ব্যবস্থায় আপনার আবাসনের ব্যবস্থা করা হবে। আপনার নিয়োগ ব্যাংকের সকল চুক্তি ও শর্তাদি যথাযথভাবে পরিপালন সাপেক্ষে কার্যকর করা হবে এবং ক্যাশ সিকিউরিটি হিসেবে ২০৫০ রুপি এবং ব্যাংক কর্তৃক অনুমোদিত পক্ষ থেকে ১৩,০০০ রুপি ব্যক্তিগত গ্যারান্টি হিসেবে জামানত রাখা হবে। ১ বছর সময়কাল অথবা পাকিস্তান ইনস্টিটিউট অব ব্যাংকার্স থেকে ডিপ্লোমা প্রথম পর্ব উত্তীর্ণ হওয়া ও একই সাথে মিনিটে ৩০ শব্দ টাইপিং স্পিড অর্জন করা, এই দুটির মধ্যে যেটা দীর্ঘতর, সেই সময়কাল হচ্ছে আপনার প্রবেশন পিরিয়ড। আপনার কাজের অগ্রগতি এবং উল্লেখিত শর্তাদি পরিপালন সাপেক্ষে আপনার চাকুরি স্থায়ীকরণ হবে। ডিপ্লোমা দ্বিতীয় পর্ব সমাপ্ত হলে আপনাকে চাকরির প্রথম ধাপ (First Efficiency Bar) উত্তীর্ণ হয়েছেন মর্মে বিবেচিত হবেন। প্রবেশন পিরিয়ড চলাকালীন কোন নোটিশ প্রদান ও বেতন পরিশোধ ব্যতিরেকেই আপনাকে চাকরি হতে অব্যাহতি দেবার এখতিয়ার কর্তৃপক্ষ রাখে। আপনাকে ১৭ জুন, ১৯৬৫ তারিখ বা তার পূর্বেই আপনাকে করাচিতে কাজে যোগদানের জন্য বলা হচ্ছে। এই উদ্দেশে দ্রুত আমাদের কার্যালয় থেকে বিমান টিকেট সংগ্রহ করার জন্য আপনাকে পরামর্শ দেওয়া হচ্ছে।' এছাড়াও আরেকটি বিষয় হচ্ছে, হাবিব বড় ব্যাংক হলেও

এর কোন বুক অব ইন্সট্রাকশন বা সার্ভিস রুল ছিল না যা কমার্স ব্যাংকের ছিল। পরে কমার্স ব্যাংক এবং ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তানের বুক অব ইন্সট্রাকশনের উপর ভিত্তি করে লুৎফর রহমান সরকারের নেতৃত্বে এবং খোন্দকার ইব্রাহিম খালিদের তত্ত্বাবধানে ১৯৭৯ সালে অগ্রণী ব্যাংকের প্রথম বুক অব ইন্সট্রাকশন প্রণয়ন করা হয়। পরে ১৯৮৭ সালে বুক অব ইন্সট্রাকশনের পরিমার্জিত সংস্করণ প্রকাশিত হয়।

হাবিব ও কমার্স ব্যাংকের সকল বিষয় একীভূত করে ব্যাংকের প্রশাসনিক কাঠামো এবং কর্মকর্তা-কর্মচারীদের মনোজগতে অগ্রণী-করণ প্রক্রিয়া সম্পন্ন হতে কিছুটা সময় লেগেই যায়। শুরুতে কিছুদিন দাপ্তরিক প্রয়োজনে হাবিব ব্যাংক থেকে আগত অংশকে ঐইখ এবং কমার্স ব্যাংক থেকে আগত অংশকে CBL অভিহিত করে সার্কুলার ইস্যু করা হত। কিছু সময়ের মধ্যেই সকলেই এক হয়ে অগ্রণী ব্যাংকের মূলধারার সাথে একাত্ম হন এবং কাঁধে কাঁধ মিলিয়ে ব্যাংককে সামনে এগিয়ে নিয়ে যাবার অভিযাত্রায় শামিল হন।

১৯৭২-৭৩ সালে অগ্রণী ব্যাংকে অর্থমন্ত্রী তাজউদ্দীন আহমদের আগমন : ১৯৭২ বা ১৯৭৩ সালে তাজউদ্দিন আহমদ, প্রধানমন্ত্রী হিসেবে অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়ে আসেন এবং তখন তিনি অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত হিসেবে সকল নির্বাহী ও আফিসারদের সঙ্গে কথা বলেন। প্রধান শাখার বেলকনিতে যেখানে ম্যানেজমেন্ট বসতেন, সেখানে ব্যাংকের সকলকে ডাকা হয়। সেখানে তিনি বলেন, আপনাদের দেশের জন্যে আরও বেশি কাজ করতে হবে। অতিরিক্ত পরিশ্রম করতে হবে। সতর্ক হতে হবে। দেশ এখন ভগ্নপ্রায় অবস্থায়, একে পুনর্গঠন করতে হবে।

[সাক্ষাৎকার নং : কমার্স ২, জনাব এ কে কোরেশী]

(চলবে)

প্রিন্সিপাল অফিসার
পাবলিক রিলেশন ডিভিশন

কবিতা

ছন্দহীন ছন্দের কাব্য

ফারিয়া আলম

নিউরনে একগুচ্ছ শব্দের এলোমেলো অনুরণন।
ছন্দে বাঁধা পড়ার অবিশ্রান্ত চেষ্টা!
বিবর্ণ দুপুরের নিঃসঙ্গ নিরবতায়,
কবিতার খাতায় উদ্বিগ্ন বলপয়েন্টর-
খসখসে ছন্নছাড়া কাটাকাটি।
কিছু শব্দ হঠাৎ ছলকে ওঠে জলের মতো!
ছোট ছোট ঢেউয়ে দুলে কূল ছুঁয়ে যায়।
দখিনা বাতাসে কোকিলের গান,
ফুলে ফুলে নাচে প্রজাপতি, মৌমাছি।
মন ছুঁয়েছে মন।
শব্দে শব্দে দারুণ অন্ত্যমিল!
কবির ঠোঁটের কোনে স্মিত হাসির ঝলক,
খাতা আর বলপয়েন্টে ছন্দ মিলনের নিরব উল্লাস।
এবার বাকী শব্দগুলো সমুখে দাঁড়িয়ে!
কবিআনন্দিত শব্দ খেলার আনন্দে।
শব্দরা খেলছে কবিতার খাতায়, শব্দমালায়।
শীতের আকাশে শ্রাবণ মেঘের ঘনঘটা,
বর্ষায় চৈত্রের মেঘহীন দাবদাহ,
হারিয়েছে ফাগুন বিবর্ণ আগুনে।
দুপুর হারিয়েছে রাতের আঁধারে।
নিউরনে আবার উদ্বিগ্ন অনুরণন!
শব্দরা হঠাৎ ছন্নছাড়া, ছন্দহীন।
রাতের নির্ঘুম নিরবতায় কান পাতে-
নি:সঙ্গতায় কবি শোনে শিশিরের গান,
রাত জাগা পাখির আর্তনাদ।
চোখের জলে জোৎস্না জলের বান,
তারাদের ঝিলিমিলি, জোনাকির ঝিকিমিকি।
এলেমেলো বাতাসে কামিনীর ঘ্রাণ।
কবি বুক ভরায় কামিনীর ঘ্রাণ টেনে টেনে।
লিখে চলে শব্দ ছন্দের মিল-অমিলের কাব্য।

সিনিয়র অফিসার
গ্রীণরোড করর্পোরেট শাখা, ঢাকা

ফটো গ্যালারী

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪

৩য়
১ম
২য়

AGRANI SMART APP
ব্যবহার করুন
যখন খুশী
লেনদেন
করুন
WAKIB HASAN
SAVINGS ACCOUNT ***22052
SHYAMOLI BRANCH
ঘরে বসেই খোলা যাবে ব্যাংক এ্যাকাউন্ট
ঘরে বসেই করা যাবে সব ধরনের লেনদেন
QR কোডটি স্ক্যান করে Google Play Store থেকে অ্যাপটি ডাউনলোড করে নিন
অগ্রণী ব্যাংক পিএলসি.
Agrani Bank PLC.
দেশ ও জাতির সেবায় প্রতিশ্রুতিবদ্ধ